

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৮৩৭

२०. रेष्ण (کتاب الحج)

পরিচ্ছেদঃ ৪৫. কোন ধরনের পশু হাদয়ীর উপযুক্ত

بَابِ مَا يَجُونُ مِنْ الْهَدْي

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلًا يَسُوقُ بَدَنَةً فَقَالَ ارْكَبْهَا فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا بَدَنَةٌ فَقَالَ ارْكَبْهَا وَيُلكَ فِي الثَّانِيَةِ أَوْ الثَّالِثَةِ

বাংলা

রেওয়ায়ত ১৪২. আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে একটি কুরবানীর উট হাকাইয়া নিয়া যাইতে দেখিতে পাইয়া বলিলেনঃ ইহার উপর আরোহণ কর। সে বলিলঃ হে আল্লাহর রাসূল, ইহা তো কুরবানীর উদ্দেশ্যে নিয়া যাইতেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ তোমার অনিষ্ট হউক, আরোহণ কর। এই কথা তিনি দ্বিতীয় বা তৃতীয় বারে বলিয়াছিলেন।[1]

English

Yahya related to me from Malik from Abu'z Zinad from al-Araj from Abu Hurayra that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, saw a man driving forward a camel which he was going to sacrifice, and he told him to ride it. The man said, "Messenger of Allah, it is an animal that I am going to sacrifice," and he replied, "Ride it, woe on you," either the second or the third time.

ফুটনোট

[1] তোমার অনিষ্ট হউকঃ ويلك এই শব্দটি আরবি ভাষায় প্রচলিত শব্দ, তাহার অনিষ্ট হওয়াটা উদ্দেশ্য নহে। উক্ত ব্যক্তির হাঁটার কষ্ট দেখিয়া রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই কথা বলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন